# সুনান আদ-দারাকুতনী

## হাদিস নাম্বারঃ ৫৫১

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৬. দেহের অভ্যন্তর ভাগ থেকে, যেমন নাক দিয়ে রক্ত নিঃসরণ, বমন, রক্তমোণ ইত্যাদি ক্ষেত্রে উযু করা সম্পর্কে

بَابٌ فِي الْوُضُوءِ مِنَ الْخَارِجِ مِنَ الْبَدَنِ كَالرُّعَافِ وَالْقَيْءِ وَالْحِجَامَةِ وَنَحْوِهِ

### আরবী

حَدَّثَنَا يَزِيدُ بْنُ الْحَسَنِ بْنِ يَزِيدَ الْبَزَّازُ ، نَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ الْحَسَّانِيُّ ، نَا وَكِيعٌ ، نَا عَلِيُّ بْنُ صَالِحٍ ، وَإِسْرَائِيلُ ، عَنْ أَبِي إِسْحَاقَ ، عَنْ عَاصِمِ بْنِ ضَمْرَةَ ، عَنْ عَلِيٍّ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ قَالَ : " إِذَا وَجَدَ أَحَدُكُمْ فِي بَطْنِهِ رِزًّا أَوْ قَيْئًا أَوْ رُعَافًا ، فَلْيَنْصَرِفْ فَلْيَتَوَضَّأْ ، ثُمَّ لِيَبْنِ عَلَى صَلَاتِهِ مَا لَمْ يَتَكَلَّمْ

### বাংলা

৫৫১(২১). ইয়াযীদ ইবনুল হুসাইন ইবনে ইয়াযীদ আল-বাযযায (রহঃ) ... আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, তোমাদের কেউ (নামাযরত অবস্থায়) তার পেটের মধ্যে বাতাসের বুদ্‌বুদ শব্দ অনুভব করলে অথবা সে বমি করলে অথবা তার নাক দিয়ে রক্ত বের হলে সে যেন (নামায থেকে) বাইরে গিয়ে উযু করে, তারপর পূর্বের নামাযের অবশিষ্ট অংশ পড়ে যদি না কথাবার্তা বলে থাকে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80340

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন